(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা।
(রাজস্ব শাখা)
www.gaibandha.gov.bd



স্মারক নং-৩১.৫৫.৩২০০.০৩১.১৮.০০০.২৩.১০৯০

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

উন্নয়ন প্রকল্পের আওতায় জলমহাল ইজারা বিজ্ঞপ্তি।

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলাধীন ২০(বিশ) একরের উর্ধ্বে আয়তনের নিম্নলিখিত বদ্ধ সরকারি জলমহাল ১৪৩৪-১৪৩৯ বঙ্গাব্দ ০৬(ছয়) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট (jm.land.gov.bd) বা জেলা প্রশাসক, গাইবান্ধার ওয়েবসাইট (www.gaibandha.gov.bd) থেকে অনলাইনে আবেদন করা যাবে।

ক্র. নং	উপজেলার নাম	জলমহালের নাম	জলমহালের তফসিল	সরকারি ইজারা মূল্য	অনলাইনে আবেদন দাখিলের তারিখ	আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি দাখিলের তারিখ
০১	গোবিন্দগঞ্জ	পুনতাইড় বিল	মৌজা-পুনতাইড় খং নং-১ দাগ নং-৭১৭১, আয়তন ৩০.২২ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ২৫,০০০X৪=১,০০,০০০/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ৩১,২৫০X২=৬২,৫০০/- মোট ইজারা (১,০০,০০০+৬২,৫০০) মূল্য=১,৬২,৫০০/-	বাংলা ১৪৩৩ সনের ০৩ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (১৯ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে)	বাংলা ১৪৩৩ সনের ৩০ কার্তিক পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৫ নভেম্বর পরবর্তী ০৩ কার্য দিবসের মধ্যে) সীলগালাকৃত মুখবন্ধ খামে এ কার্যালয়ে দাখিল করতে হবে
০২	সুন্দরগঞ্জ	মরুয়াদহ বিল	মৌজা-মরুয়াদহ খং নং-১ দাগ নং-৪০০১, ৪৫৫০ আয়তন ২৪.৯৬ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ৬২,৫০০X৪=২,৫০,০০০/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ৭৮,১২৫X২= ১,৫৬,২৫০/-মোট। ইজারা মূল্য (২,৫০,০০০+১,৫৬,২৫০)=৪,০৬,২৫০-		
০৩	সাদুল্লাপুর	পাকুরিয়া বিল	মৌজা-বিরাহিমপুর খং নং-১ ১০১/১০৩৭, ৪৩৬, মৌজা-ভগবানপুর , দাগ নং-১৫৩ আয়তন ৫৬.৪৭ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ইজারা মূল্য ১৩,০৫,০০০X৪= ৫২,২০,০০০/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ১৬,৩১,২৫০X২= ৩২,৬২,৫০০/- মোট ইজারা মূল্য (৫২,২০,০০০+ ৩২,৬২,৫০০)=৮৪,৮২,৫০০/-		
০৪	সাদুল্লাপুর	চতরা বিল	মৌজা-চতরা খং নং-১, দাগ নং-২১৯ আয়তন: ৩০.৩১ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ইজারা মূল্য ২,০৮,৭৫০X৪= ৮,৩৫,০০০/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ২,৬০,৯৩৮X২= ৫,২১,৮৭৬/- মোট ইজারা মূল্য (৮,৩৫,০০০+ ৫,২১,৮৭৬)=১৩,৫৬,৮৭৬/-		

CamScanner

০৫	ফুলছড়ি	ফুলছড়ি বদ্ধ ঘাঘট নদী	মৌজা- গজারিয়া খং নং-১, দাগ নং-১২৮৩৪, ১৩৫০৪, ১৫৪৪৮ আয়তন: ২৫.০৪ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ইজারা মূল্য ১,৪৬,২৫০X৪= ৫,৮৫,০০০/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ১,৮২,৮১৩X২= ৩,৬৫,৬২৬/- মোট ইজারা মূল্য (৫,৮৫,০০০+ ৩,৬৫,৬২৫)=৯,৫০,৬২৬/-		
০৬	ফুলছড়ি	কাঠুর বিল	মৌজা-কাঠুর খং নং-১, দাগ নং-১২৪৬, ২৭০১, ৩৪৫২, ২৪৫৩, ২৪১১ আয়তন: ৩৩.১৫ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ইজারা মূল্য ৯,৫৯,৫৮৪X৪= ৩৮,৩৮,৩৩৬/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ১১,৯৯,৪৮০X২= ২৩,৯৮,৯৬০/- মোট ইজারা মূল্য (৩৮,৩৮,৩৩৬+ ২৩,৯৮,৯৬০)=৬২,৩৭,২৯৬/-		
০৭	সাঘাটা	মরাবাঙ্গালী নদীর ২য় অংশ	মৌজা- জুমারবাড়ী ও বাদিনারপাড়া খং নং-১, দাগ নং-১, ৯২, ৬০৫, ৯১৩/১০৬১ আয়তন: ৩০.২৭ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ইজারা মূল্য ১,৭২,৯১৮X৪= ৬,৯১,৬৭২/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ২,১৬,১৪৮X২= ৪,৩২,২৯৬/- মোট ইজারা মূল্য (৬,৯১,৬৭২+ ৪,৩২,২৯৬=১১,২৩,৯৬৮/-		
০৮	সাঘাটা	মরাবাঙ্গালী নদীর ৩য় অংশ	মৌজা- ফলিয়া দিগর, কৈচড়া শিমুলবাড়ীয়া খং নং-১, দাগ নং-৮২, ৯৩ আয়তন: ৩৪.৪৯ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ইজারা মূল্য ৫৪,১৬৮X৪= ২,১৬,৬৭২/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ৬৭,৭১০X২= ১,৩৫,৪২০/- মোট ইজারা মূল্য (২,১৬,৬৭২+ ১,৩৫,৪২০)=৩,৫২,০৯২/-		
০৯	সাঘাটা	ভাটি কালপানি	মৌজা- কালপানি, উল্যা সোনাতলা, পাঠানপাড়া ও তেলিয়ান খং নং-১, দাগ নং ১০৬৪, ১৫০১, ১৭১১, ৯৬৭, ৯৬৬, ১৬৩১, ১৭৩৩ আয়তন: ২২.০০ একর	প্রথম ০৪(চার) বছরের জন্য ইজারা মূল্য ৫,০০,০০০X৪= ২০,০০,০০০/- পরবর্তী ০২(দুই) (৫ম ও ৬ষ্ঠ) বছরের জন্য ইজারা মূল্য ৬,২৫,০০০X২= ১২,৫০,০০০/- মোট ইজারা মূল্য (২০,০০,০০০+ ১২,৫০,০০০)=৩২,৫০,০০০/-		

CamScanner

শর্তাবলী

০১। ইজারার নির্ধারিত আবেদন ফরম আগামী বাংলা ১৪৩৩ সনের ০৩ কার্তিক থেকে ৩০ কার্তিকের (১৯ অক্টোবর থেকে ১৫নভেম্বর) মধ্যে জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবর ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) মূল্যে এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখের মধ্যে ইজারার আবেদন ফরম ক্রয় করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং বাংলা ১৪৩৩ সনের ৩০ কার্তিক এর পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৫ নভেম্বর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে) আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে এ কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

০২। অনলাইনে আবেদনের সাথে মৎস্যজীবী সংগঠন/সমিতির রেজিস্ট্রেশনের কপি (সত্যায়িত), গঠনতন্ত্রের কপি, বিগত ০৩(তিন) বছরের অডিট রিপোর্ট, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, নির্বাচিত কমিটি ও সমিতির সকল সদস্যের ছবিসহ নামের তালিকা, জাতীয় পরিচয়পত্র, মৎস্যজীবী কার্ড, মোবাইল নম্বর ও ঠিকানা, সমিতির সভার কার্যবিবরণী, উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিবেদন, অনাপত্তিপত্র এবং সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

০৩। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোনো অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোনো প্রশ্ন বা দাবী উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০৪। উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে) দাখিল করতে হবে।

০৫। জামানত স্বরূপ আবেদনের সাথে উদ্ধৃত ইজারা মূল্যের উপর ২০% হারে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

০৬। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা গ্রহণে অগ্রাধিকার পাবে। কোন মৎস্যজীবী সমিতি একটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহণ করতে পারবে না।

০৭। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাবলী এ বিজ্ঞপ্তির শর্ত হিসেবে প্রযোজ্য হবে।

০৮। ইজারাগ্রহীতা সমিতিকে ২০ চৈত্রের মধ্যে নির্ধারিত কোডে ইজারা মূল্য, নির্ধারিত হারে ভ্যাট ও আয়করের টাকা জমা প্রদান করতে হবে।

০৯। ১ম বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারীকে নির্ধারিত ফরমে ৩০০/- টাকার মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় তাকে ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। জলমহাল ইজারা গ্রহণের বিধি-বিধান ও অন্যান্য শর্তাবলী এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৪/১০/২০২৬

(ড. মো: মনিরুজ্জামান)
জেলা প্রশাসক
গাইবান্ধা
ফোন নম্বর-০২-৫৮৮৮৭৭৫০০
e-mail:dcgaibandha@mopa.gov.bd

CamScanner